

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮৯

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَانِ)

পরিচ্ছেদঃ আরেকটি হাদীস যা আমাদের উল্লেখিত কথার বিশুদ্ধতাকে স্পষ্ট করে দেয় যে, আরবরা কোন কোন সময় কোন জিনিসের অংশ বিশেষকে খোদ ঐ জিনিসের নামে অভিহিত করে থাকে

ذِكْرُ خَبَرٍ آخَرَ يُصَرِّحُ بِصِحَّةِ مَا ذَكَرْنَا أَنَّ الْعَرَبَ تَذْكُرُ فِي لُغَتِهَا الشَّيْءَ الْوَاحِدَ الَّذِي هُوَ مِنْ أَجْزَاءِ شَيْءٍ بِاسْمِ ذَلِكَ الشَّيْءِ نَفْسِهِ

আরবী

أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ قَالَ حَدَّثَنَا أَبُو الْوَلِيدِ قَالَ حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ مُحَمَّدِ بْنِ عَمْرٍو عَنْ أَبِي سَلَمَةَ عَنْ الشَّرِيدِ بْنِ سُوَيْدٍ الثَّقَفِيِّ قَالَ: قُلْتُ: يَا رَسُولَ اللَّهِ إِنَّ أُمِّي أَوْصَتْ أَنْ نَعْتِقُ عَنْهَا رَقَبَةً وَعِنْدِي جَارِيَةٌ سَوْدَاءُ قَالَ: "ادْعُ بِهَا" فَجَاءَتْ فَقَالَ: "مَنْ رُبُّكَ؟" قَالَتْ: اللَّهُ قَالَ: "مَنْ أَنَا؟" قَالَتْ: رَسُولُ اللَّهِ قَالَ: "أَعْتَقَهَا فَإِنَّهَا مُؤْمَنَةٌ".

الراوي : الشَّريد بن سُوَيْدٍ الثَّقَفِيُّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر :

صحيح ابن حبان

الصفحة أو الرقم: 189 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১৮৯. শারীদ বিন সুয়াইদ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমি বললাম: 'হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমার মা অসিয়ত করে গেছেন যে, আমরা যেন তার পক্ষ থেকে একজন দাস মুক্ত করে দেই। আমার কাছে একটি কালো দাসী আছে।' রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন: 'তুমি তাকে আমার কাছে ডেকে নিয়ে আসো।' অতঃপর তিনি জিজ্ঞেস করলেন: 'তোমার রব্ব কে?' সে জবাবে বললো: 'আল্লাহ'। তিনি আবার বললেন: 'আমি কে?' সে বললো: 'আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম।' তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সাহাবীকে বললেন: 'একে মুক্ত করে দাও। কারণ সে মু'মিনা।'[1]

ফুটনোট

[1] তাবারানী: ৭২৫৭; বাইহাকী: ৭/৩৮৮-৩৮৯; মুসনাদ আহমাদ: ৪/২২২; আবু দাউদ: ৩২৮৩; নাসাঈ:

৬/২৫২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৩১৬১)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ শারীদ ইবন সুআয়দ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=88400>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন